

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৮১০০।

প্রচার পত্র নং - ২৬/২০১৬

তারিখ : ১৬/০৫/২০১৬খ্রি:

সকল সম্মানিত সদস্য/সদস্যাবলৈ প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক(নিরাপত্তা)'র দণ্ডর এর স্মারক নং-পরিনিদ/সা/বিবিধ-৭/২০১৬/৮৪৯, তারিখঃ ১৫/০৫/২০১৬  
সম্মানিত সদস্য/ সদস্যাবলৈদের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পরিচালক (নিরাপত্তা)'র দণ্ডর

পরিনিদ/সা/বিবিধ-৭/২০১৬/৮৪৯

তারিখঃ ১৫/০৫/২০১৬

বরাবরে

- ১। পরিচালক (পরিবহন), চৰক
- ২। প্রধান প্রকোশলী (যান্ত্রিক), চৰক
- ৩। জি.এম (অপারেশন), সাইফ পাওয়ারটেক, টার্মিনাল ভবন, বন্দর, চট্টগ্রাম
- ৪। সভাপতি ও সাধারণ সম্পাদক, বার্থ অপারেটর এসোসিয়েশন, চৰক
- ৫। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকড়া),
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক-চট্টগ্রাম সিএন্টএফ এজেন্টস্ এসোসিয়েশন,  
সিএন্টএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক-চট্টগ্রাম সিএন্টএফ এজেন্টস্ কর্মচারী ইউনিয়ন

১নং জেটি গেইট, বারিক বিল্ডিং, চট্টগ্রাম।

### বিষয় : বন্দরে যানজট নিরসনে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

১। বন্দরের অভ্যন্তরে যানজট সমস্যা নিরসনে গত ১১ মে ২০১৬ তারিখ ১৭০০ ঘটিকার সময় পরিচালক (নিরাপত্তা) এর সভাপতিত্বে, উপ-পরিচালক (নিরাপত্তা)/অপারেশন, ট্রাফিক বিভাগের প্রতিনিধি, বার্থ অপারেটর প্রতিনিধি, সিএন্টএফ এজেন্ট, জেটি সরকার প্রতিনিধিবৃন্দ প্রমুখের উপস্থিতিতে পরিচালক(নিরাপত্তা)'র দণ্ডরে একটি সমন্বয় সভার আয়োজন করা হয়। সভায় বন্দরে যানজট নিরসনের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া এনসিটি-১, এনসিটি-২ গেইট, ডেলিভারী পয়েন্ট, ব্যাকআপ ইয়ার্ড ইত্যাদি স্থান সরেজমিনে পরিদর্শন করতঃ, ট্রাক ড্রাইভারসহ কতিপয় জেটি সরকার সহ সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিনিধির মতামত গ্রহণ করা হয়। এতে যানজটের বেশ কিছু কারণ ও সম্ভাব্য প্রতিকার চিহ্নিত করা হয় যা নিম্নে উল্লেখ করা হলোঃ

ক। একজন জেটি সরকার একত্রে একাধিক কন্টেইনার ডেলিভারী গ্রহণের প্রাক্কালে সকল কাভার্ডভ্যান/ট্রাক, ট্রেইলার বন্দরের বাইরে একত্রে নিয়ে যাওয়ার জন্য অপেক্ষা করেন। এক বা একাধিক যানবাহন/কন্টেইনার লোডিং ও স্ক্যানিং (On Chassis Delivery' র ক্ষেত্রে) সম্পন্ন হলেও বন্দর অভ্যন্তরে অপেক্ষা করার প্রবণতা যানজটের অন্যতম কারণ। এমতাবস্থায় উপস্থিত সকলে ঐক্যমতে উপনীত হন যে, একই জেটি সরকারের অধীনে নথিপত্র ও সকল প্রক্রিয়া (Formalities) সম্পন্ন হওয়া যানবাহন অন্যান্য যানবাহনের জন্য অপেক্ষায় না থেকে এককভাবে যথানিয়মে বন্দর ত্যাগ করবে। ট্রাফিক বিভাগ সামগ্রিক নীতিমালা পর্যবেক্ষণ পূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত জানিয়ে এতদসংশ্লিষ্ট নির্দেশিকা সকলের অবগতির জন্য প্রকাশ করবে।

খ। কন্টেইনার Keepdown/(রাখা) করার সময় বার্থ অপারেটর কর্তৃক বিপি সিট সহ ভারী যন্ত্রপাতি, কাগজের রোল এবং এধরনের পণ্য সামগ্রী ডেলিভারী পয়েন্টে বিক্ষিপ্ত ও বিচ্ছিন্নভাবে রাখা হয়। ফলে একাধিক হাইস্টার ক্রেনসহ উভ সামগ্রী গ্রহণে বহু যানবাহন/ট্রেইলার এলোমেলোভাবে ডেলিভারী পয়েন্টে অবস্থান করে। এর ফলে ডেলিভারী পয়েন্ট সহ আশে পাশের এলাকায় তীব্র যানজট সৃষ্টি হয়। এমতাবস্থায় সিএন্টএফ এজেন্ট প্রদত্ত এ্যাসাইনমেন্ট অনুযায়ী হাইস্টার ব্যবহার করা প্রয়োজন, এমন সকল দ্রব্য সামগ্রী ডেলিভারীর জন্য এক স্থানে অর্থাৎ এনসিটি ব্যাকআপ ইয়ার্ডে (এনসিটি-২ গেট সংলগ্ন) রাখার জন্য সাইফ পাওয়ারটেক কর্তৃক ব্যবস্থা গ্রহণের জন্য সকলে ঐক্যমতে উপনীত হন।

(২)

গ। উপস্থিত শ্রমিক প্রতিনিধিসহ সকলের ভাষ্য অনুযায়ী জানা যায় কন্টেইনার আনলোড সম্পন্ন করতে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত হয়না। ফলে কন্টেইনার (এফসিএল) আনলোড দীর্ঘ সময় অপেক্ষামান যানবাহন সমূহের কারণে তীব্র যানজট সৃষ্টি হয়। এমতাবস্থায় সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধিবৃন্দ পর্যাপ্ত শ্রমিক নিয়োগের জন্য সংশ্লিষ্ট টার্মিনাল অপারেটর সাইফ পাওয়ারটেকে অনুরোধ জানান।

ঘ। ট্রেডাল ক্যারিয়ার /রাবার গেন্ট্রি ক্রেন এর স্বল্পতা কিংবা চালকের স্বল্পতার কারণে কন্টেইনার হ্যান্ডলিং বিলম্বিত হয়। ফলে যানবাহনের উপস্থিতিতে এসসি/ আরটিজি অপারেশনে বিঘ্ন সৃষ্টি হয়ে যানজটের সৃষ্টি হয়। সংশ্লিষ্ট বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও চৰকের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক সমস্যাটি নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকলে মতামত ব্যক্ত করেন।

২। উপরোক্তিতে বক্তব্যের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট দণ্ডর, বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও অন্যান্য সংস্থা সমূহকে স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

৩। চট্টগ্রাম বন্দর যানজট নিরসনে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কাম্য।

স্বাক্ষরিত/-

পক্ষে- পরিচালক (নিরাপত্তা)

উপ-পরিচালক (নিঃ)/অপাঃ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।